

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডায়েরী নং... ১২০... তারিখ... ১০/১০/২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর, ঢাকা
www.btv.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : সোহরাব হোসেন
মহাপরিচালক
তারিখ : ১৬.১০.২০২২ খ্রি:
সময় : বেলা ১১:০০ ঘটিকা
স্থান : মহাপরিচালক এর অফিসকক্ষ
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় বিটিভির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং সকল কর্মপরিকল্পনা যথাসময়ে সম্পাদিত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়।

০২। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম:	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১.	বিটিভির জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২২-২৩ অর্থ বছরের ১ম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ১ম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করে অনুমোদন করা হয়। সিদ্ধান্ত: ১ম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) এর অনুমোদিত অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০২.	শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	শুদ্ধাচার নির্দেশিকা ১.৪ অনুসারে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। সিদ্ধান্ত: শুদ্ধাচার বিষয়ক দ্বিতীয় প্রান্তিকের প্রশিক্ষণ আয়োজন করে প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিচালক (প্রশাসন) এর নিকট দাখিল করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন-২)
০৩.	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব এবং উন্নয়ন বাজেট) যথাযথ বাস্তবায়ন	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখের মধ্যে রাজস্ব বাজেট ২০% এবং উন্নয়ন বাজেট ১০% যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। সিদ্ধান্ত: লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১ ডিসেম্বর, ২০২২ মাসের মধ্যে রাজস্ব বাজেট ২০% এবং উন্নয়ন বাজেট ১০% বাস্তবায়ন করতে হবে।	প্রধান প্রকৌশলী, পরিচালক (অর্থ) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
০৪.	বাজেট বাস্তবায়ন	২য় বাজেট বাস্তবায়নে ২য় প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) গৃহীত কার্যক্রমের রাজস্ব বাজেট ৪০% এবং উন্নয়ন বাজেট ২০% বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। সিদ্ধান্ত: লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১ ডিসেম্বর, ২০২২ মাসের মধ্যে রাজস্ব বাজেট ৪০% এবং উন্নয়ন বাজেট ২০% বাস্তবায়ন করতে হবে।	প্রধান প্রকৌশলী, পরিচালক (অর্থ) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক

চলমান পাতা-০২

-০২-

ক্রম:	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০৫.	পিআইসি সভা আয়োজন	২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে চলমান প্রকল্পের পিআইসি সভা ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখের মধ্যে আয়োজন সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। সিদ্ধান্ত: লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান প্রকল্পের পিআইসি সভা ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করে প্রমাণকসহ তথ্যাদি পরিচালক (প্রশাসন) এর নিকট দাখিল করবেন।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক

০২। সভাপতি দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর ২২)-এর কার্যক্রম যথাসময়ে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সোহরাব হোসেন
মহাপরিচালক
ফোন: ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.০৫.১৯২.২২. ২৪/১১/২ (৭)

তারিখ: ০২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
২৬ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৩। পরিচালক.....(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। প্রকল্প পরিচালক.....(সকল), বাংলাদেশ টেলিভিশন।
- ০৭। সহকারী পরিচালক (প্রশাসন-২), বাংলাদেশ টেলিভিশন, প্রধান কার্যালয়।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

- ০১। উপসচিব, প্রশাসন-৪ শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট	

১১/১০/২২
হাসান

মো: হেলাল কবির
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৮৮ (অফিস)